গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৯. ৩৭৮

তারিখঃ ১৮ আষাঢ় ১৪২৬ / ০২ জুলাই ২০১৯

## প্রজ্ঞাপন

এতদ্বারা নিম্নরূপভাবে “চলচ্চিত্র বিষয়ক জাতীয় পরামর্শক কমিটি” গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩. | সচিব, তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৯. | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ১০. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| ১১. | প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট | সদস্য |
| ১২. | মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | সদস্য |
| ১৩. | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | সদস্য |
| ১৪. | এফবিসিসিআই এর ১(এক) জন প্রতিনিধি | সদস্য |
| ১৫. | বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতি'র ১(এক) জন প্রতিনিধি | সদস্য |
| ১৬. | জনাব মুশফিকুর রহমান গুলজার, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি' | সদস্য |
| ১৭. | জনাব মোঃ ইফতেখার উদ্দীন (নওশাদ), সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতি | সদস্য |
| ১৮. | মিজ সারাহ্ বেগম কবরী , চলচ্চিত্র ব্যক্তিত্ব | সদস্য |
| ১৯. | ড. ইনামুল হক, চলচ্চিত্র ব্যক্তিত্ব | সদস্য |
| ২০. | মিজ সুবর্ণা মুস্তাফা, চলচ্চিত্র ব্যক্তিত্ব | সদস্য |
| ২১. | বাংলাদেশ চলচ্চিত্র সংসদ এর ১(এক) জন প্রতিনিধি | সদস্য |
| ২২. | জনাব ইমদাদুল হক মিলন, সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ | সদস্য |
| ২৩. | জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র গবেষক | সদস্য |
| ২৪. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)/যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয় | সদস্য-সচিব |

০২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

(ক) চলচ্চিত্র নীতিমালার আলোকে চলচ্চিত্র শিল্পের উন্নয়নে করণীয় বিভিন্ন বিষয়ে পরামর্শ ও সুপারিশ প্রদান;

(খ) চলচ্চিত্র নীতিমালায় বর্ণিত বিভিন্ন বিষয় বাস্তবায়নে করণীয় সম্পর্কে সরকার এবং সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান;

(গ) চলচ্চিত্র সংশ্লিষ্ট বিদ্যমান নীতি, আইন ও বিধিমালা পর্যালোচনা করে এসব আইন, নীতি ও বিধির কোন পরিবর্তন, সংশোধন ও পরিমার্জনের প্রয়োজন হলে বা নতুন আইন, নীতি ও বিধির প্রয়োজন হলে, সে বিষয়ে সুপারিশ প্রদান;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(ঘ) দেশে ও বিদেশে চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন কার্যাবলি অনুসরণ ও পর্যবেক্ষণ করে সেসব কার্যক্রমে অভিজ্ঞতার আলোকে জাতীয় চলচ্চিত্রের উন্নয়নে গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান ;

(ঙ) চলচ্চিত্র নীতিমালা কোনো বিষয় সংশোধন, সংযোজন বা পরিমার্জনের প্রয়োজন হলে সে বিষয়ে সুপারিশ প্রদান; এবং

(চ) কমিটি বছরে ন্যূনপক্ষে দুইটি সভায় মিলিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৫/৭/১৭

( মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব

সচিব
শিল্প মন্ত্রণালয়
মতিঝিল, ঢাকা।